বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ২৪ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২৪) সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ২৪ জানুয়ারি ২০২৪ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭ |
| উপস্থিতি | সংযুক্তি ১ সদয় দ্রস্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি বিবেচ্য সংযুক্তি: CC monitoring Committee 3rd quarter meeting minutes 2023-24-attendance.pdf, সদয় দ্রষ্টব্য। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব আবু নাসের মোঃ কাসেম, নির্বাহী প্রকৌশলী (পুর) বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষনের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী, নির্বাহী প্রকৌঃ, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা মহোদয় বাপাউবো'র নাগরিক সেবার ৬ নং নাগরিক সেবা (নতুন জনবল নিয়োগ) এর দায়িত্বপ্রাপ্ত দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সময়সীমা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণের বিষয়ে তার মতামত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের গৃহীত কার্যক্রমের অণুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

**উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করেঃ**

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এ বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম হালনাগাদ করতে হবে।

২। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর নাগরিক সেবার অন্তর্ভুক্ত ৬ নং নাগরিক সেবা (নতুন জনবল নিয়োগ) এর দায়িত্বপ্রাপ্ত দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৮-০২-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);
৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০৮-০২-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CC monitoring Committee 3rd quarter meeting minutes 2023-24-attendance